

“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ১১/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৪ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত PRA সেশনের প্রতিবেদন

- প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
- PRA** সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান : ১১/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৪ নং ধুম ইউনিয়ন এ সকাল ১০.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
- উপস্থিতির তালিকা : PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
- আলোচনা** : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত করেন। পরে তিনি মীরসরাই উপজেলায় নির্মাণাধীন দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল বিষয়ে আলোচনা করেন। তিনি উপজেলায় অর্থনৈতিক অঞ্চলের প্রভাব সম্পর্কে তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক অঞ্চলের ফলে জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য সৃষ্ট অন্যান্য সমস্যা মোকাবেলায় মীরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিত সদস্যরা বিশুদ্ধ পানির অভাবকে এলাকার প্রধানতম সমস্যা হিসেবে আখ্যায়িত করেছেন। তারা বলেন শুষ্ক মৌসুমে পানির লেভেল কোথাও কোথাও ১০০০ ফুটের অধিক পর্যন্ত গভীরে নেমে যায়। পাশাপাশি বৃষ্টির সময় সৃষ্ট পাহাড়ি ঢলকে তারা ইউনিয়ন এর মূল সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। পাহাড়ি ঢলের ফলে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে এলাকায় ৫ ফুট পর্যন্ত পানি জমে যায় বলে তারা জানান। প্রায় ৩ ঘণ্টা পানি জমে থাকে। ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। তারা বলেন নিকটস্থ স্বাস্থ্য কমপ্লেক্স তাদের ইউনিয়ন থেকে অনেক দূরে অবস্থিত হওয়ায় সবার পক্ষে সবসময় সেখানে চিকিৎসা নিতে যাওয়া সম্ভব হয় না। সবশেষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় তার নিজ ইউনিয়ন এর সমস্যা সম্পর্কে আলোকপাত করেন। এসময় তিনি ৪ নং ইউনিয়নে অনেক ভূমিহীন মানুষ রয়েছে। তিনি এসকল ভূমিহীন মানুষদের জন্য সকল নাগরিক সুবিধাসহ আলাদা আবাসনের প্রয়োজন বলে জানান। তিনি সামাজিক সমস্যা হিসেবে বাল্যবিবাহকে অন্যতম প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করেন এবং ইউনিয়ন এর সকল খেলার মাঠের সংস্কারের প্রয়োজনীয়তা তুলে ধরেন। এছাড়া, পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, ক্রমাগত কৃষি ভূমি হ্রাস ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাবাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-
- প্রাপ্ত সমস্যাসমূহ** : ১। বাল্যবিবাহ
২। আধুনিক হাসপাতাল নেই
৩। ক্ষতিগ্রস্ত সড়ক
৪। সুনির্দিষ্ট খেলার মাঠ নেই
৫। আশেপাশের ইউনিয়ন সমূহের সাথে সংযোগ সড়কের অভাব
৬। বিশুদ্ধ পানির সমস্যা
৭। পাহাড়ী ঢলে জলাবদ্ধতা
৮। কৃষির উৎপাদন কমে যাচ্ছে
৯। অপরিষ্কৃত হাট বাজার
১০। সিএনজি স্ট্যান্ড এর অভাব
১১। বর্জ্য ব্যবস্থাপনার অভাব
১২। কেন্দ্রীয় ঈদগাহ ও খেলার মাঠ নেই

পিআরএ সেশনে উল্লেখিত প্রতিটি সমস্যার সমাধানের বিষয়েও আলোচনা করা হয়, সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, বাজার ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে এঁকে দেখান।